(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়
জামালপুর।
www.jamalpur.gov.bd

**জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরী**

নং-০৫.৪৫.৩৯০০.০১৫.১৬.০১০.২৫-০৩

তারিখঃ ১১ ডিসেম্বর ২০২৫ খ্রি:

**গণ-বিজ্ঞপ্তি**

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোহাম্মদ ইউসুপ আলী, জেলা প্রশাসক, জামালপুর ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন **১১ ডিসেম্বর ২০২৫/২৬ অগ্রহায়ণ ১৪৩২** তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:-

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৪ পৌষ ১৪৩২<br>২৯ ডিসেম্বর ২০২৫ | সোমবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৫-২০ পৌষ ১৪৩২<br>৩০ ডিসেম্বর ২০২৫-০৪ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার-রবিবার |
| **মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ** | : | **২১-২৫ পৌষ ১৪৩২**<br>**০৫-০৯ জানুয়ারি ২০২৬** | **সোমবার-শুক্রবার** |
| **আপিল নিষ্পত্তির তারিখ** | : | **২৬ পৌষ-০৪ মাঘ ১৪৩২**<br>**১০-১৮ জানুয়ারি ২০২৬** | **শনিবার-রবিবার** |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০৬ মাঘ ১৪৩২<br>২০ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার |
| প্রতীক বরাদ্দের তারিখ | : | ০৭ মাঘ ১৪৩২<br>২১ জানুয়ারি ২০২৬ | বুধবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২৯ মাঘ ১৪৩২**<br>**১২ ফেব্রুয়ারি ২০২৬** | **বৃহস্পতিবার** |

**আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ৭.৩০ ঘটিকা হইতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।**

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১৩৮ জামালপুর-১ (বকশীগঞ্জ ও দেওয়ানগঞ্জ উপজেলা) নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ২৯ ডিসেম্বর ২০২৫/১৪ পৌষ ১৪৩২ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৫টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বকশীগঞ্জ/দেওয়ানগঞ্জ) মনোনয়নপত্র গৃহীত হবে।

তারিখ: | ১ | ১ | দিন | ১ | ২ | মাস | ২ | ০ | ২ | ৫ | বৎসর

১১/১২/২৫

মোহাম্মদ ইউসুপ আলী
জেলা প্রশাসক, জামালপুর
ও
রিটার্নিং অফিসার
১৩৮ জামালপুর-১
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

নং-০৫.৪৫.৩৯০০.০১৫.১৬.০১০.২৫-০৩ তারিখঃ ১১ ডিসেম্বর ২০২৫ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক,জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৭। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৮। মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক।
৯। উপমহাপুলিশ পরিদর্শক, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।
১০। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
১১। পুলিশ সুপার, জামালপুর।
১২। জেলা নির্বাচন অফিসার, জামালপুর।
১৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বকশীগঞ্জ/দেওয়ানগঞ্জ, জামালপুর ও সহকারী রিটার্নিং অফিসার।
১৪। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, জামালপুর।
১৫। জেলা তথ্য অফিসার, জামালপুর।
১৬। উপজেলা নির্বাচন অফিসার, বকশীগঞ্জ/দেওয়ানগঞ্জ, জামালপুর।
১৭। অফিসার ইন-চার্জ, বকশীগঞ্জ থানা/দেওয়ানগঞ্জ থানা, জামালপুর।
১৮। সভাপতি/সাধারণ সম্পাদক, জামালপুর প্রেসক্লাব, জামালপুর।
১৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, জামালপুর।
২০। সভাপতি/সাধারণ সম্পাদক, জামালপুর জেলা প্রেসক্লাব, জামালপুর।
২১। ............................. জামালপুর।
২২। নোটিশ বোর্ড।

১১/১২/২৫

জেলা প্রশাসক, জামালপুর
ও
রিটার্নিং অফিসার
১৩৮ জামালপুর-১
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন